সিলেট-৫ আসনে কেটলি’র বিজয় টেকাতে পারবে না: স্বতন্ত্র প্রার্থী হুছামুদ্দীন

কানাইঘাট প্রতিনিধিঃ সিলেট-৫ (কানাইঘাট-জকিগঞ্জ) আসনে স্বতন্ত্র সংসদ সদস্য প্রার্থী মাওলানা হুছামুদ্দীন চৌধুরী ফুলতলীর (কেটলি) মার্কার সমর্থনে কানাইঘাট উত্তরে বাজারে সর্বশেষ নির্বাচনী সমাবেশ বুধবার বিকেল ৩টায় অনুষ্ঠিত হয়েছে।

কেটলি মার্কার সমর্থনে দুপুর থেকে কানাইঘাট ও জকিগঞ্জ উপজেলার বিভিন্ন এলাকা থেকে মিছিল সহকারে নির্বাচনী সমাবেশে জড়ো হন সমর্থকরা। কানাইঘাটের মাওলানা শফিকুল হক আকুনীর সাহেবজাদা আওয়ামীলীগ নেতা খালিদ সাইফুল্লাহর সভাপতিত্বে ও উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক মারুফ আহমদের পরিচালনায় নির্বাচনী জনসভায় আনজুমানে আল-ইসলাহ’র কেন্দ্রীয় সভাপতি স্বতন্ত্র প্রার্থী মাওলানা হুছামুদ্দীন চৌধুরী বলেন, আলিম-উলামা অধ্যুষিত কানাইঘাট-জকিগঞ্জের সর্বস্তরের জনসাধারণ এবং ধর্ম-বর্ণ নির্বিশেষে দলমতের উর্ধ্বে উঠে সবাই তার প্রতীক কেটলি মার্কাকে সমর্থন করায় আল্লাহ’র শুকরিয়া আদায় করে বলেন, কেটলি মার্কার পক্ষে গণজোয়ার দেখে নির্বাচনী মাঠে তার বিরুদ্ধে নানা প্রভাগান্ডা ছড়ানো হচ্ছে। কিন্তু কোন ধরনের অপপ্রচার ৭ জানুয়ারীর নির্বাচনে কেটলি মার্কার বিজয় কেউ টেকাতে পারবে না। তিনি আরো বলেন, স্বতন্ত্র প্রার্থী হয়েছেন জাতীয় সংসদে ধর্ম-বর্ণ নির্বিশেষে সভার পক্ষে কথা বলার জন্য ইতিমধ্যে ধর্মীয় সহ নানা বিষয়ে প্রধানমন্ত্রীর সাথে তিনি কথাও বলেছেন। এবারের নির্বাচন উন্মুক্ত হওয়ায় আওয়ামীলীগ সহ অন্যান্য দল এবং আলিম-উলামারা তাকে পূর্ণ সমর্থন জানিয়েছেন। নির্বাচিত হলে তিনি সরকারি-কওমি মাদ্রাসার কোন বিবেদ না করে ইসলামের স্বার্থে এবং কানাইঘাট-জকিগঞ্জের মানুষের কল্যাণে ইনসাফ ভিত্তিক ভাবে সবাইকে নিয়ে কাজ করবেন। ৭ জানুয়ারীর নির্বাচনে দলমতের উর্ধ্বে উঠে কেটলি প্রতীকে ভোট দেয়ার জন্য তিনি সর্বস্তরের ভোটারদের প্রতি আহ্বান জানান। সেই সাথে সিলেট-৫ আসনে অবাধ সুষ্ঠু নিরপেক্ষ নির্বাচনের জন্য সরকার ও নির্বাচন কমিশনের প্রতি আহ্বান জানান স্বতন্ত্র প্রার্থী মাওলানা হুছামুদ্দীন চৌধুরী।
নির্বাচনী সমাবেশে আনজুমানে আল-ইসলাহ, তালামিযে ইসলামিয়া,

আওয়ামীলীগ ও ছাত্রলীগের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ, আলেম-উলামা সহ অন্যান্য দলের অনেকের উপস্থিতিতে বক্তব্য রাখেন, জকিগঞ্জ উপজেলা ভাইস চেয়ারম্যান মাওলানা আব্দুস ছবুর, আওয়ামীলীগ নেতা সড়কের বাজার ব্যবসায়ী সমিতির সাবেক সভাপতি হাজী আজমল হোসেন, হিন্দু কমিউনিটি নেতা রাজেশ রায়, জকিগঞ্জ উপজেলার কাজলশাহ ইউনিয়নের চেয়ারম্যান সাবেক ছাত্রলীগ নেতা আশরাফুল আলম, তালামিযের কেন্দ্রীয় সভাপতি মাহবুবুর রহমান, সিলেট বারের আইনজীবি এডভোকেট মাহবুবুর রহমান, আওয়ামীলীগ নেতা তোতা মিয়া, কানাইঘাট উপজেলা ছাত্রলীগের সভাপতি রাওয়ান আহমদ, সাধারণ সম্পাদক মারওয়ানুল করিম প্রমুখ।
এছাড়া একই দিনে বাদ মাগরিব কানাইঘাট সড়কের বাজারের স্বতন্ত্র প্রার্থী মাওলানা হুছামুদ্দীন চৌধুরী ফুলতলীর কেটলি মার্কার সমর্থনে নির্বাচনী সমাবেশ অনুষ্ঠিত হয়।